

## 🔳 যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১১৩৭

১/ বিবিধ

আরবী

يأتي على الناس زمان يكون المؤمن فيه أذل من شاته ضعيف جدا

رواه ابن عساكر (2/390/2) عن عباد بن يعقوب الرواجني أنبأنا عيسى بن عبد الله بن محمد بن عمر بن علي حدثني أبي عن أبيه عن جده عن علي مرفوعا قلت: وهذا سند واه، عيسى بن عبد الله قال أبو نعيم روى عن آبائه أحاديث مناكير، لا يكتب حديثه، لا شيء وقال ابن عدي: حدث عن آبائه بأحاديث غير محفوظة وساق له الذهبي حديثين قال في أحدهما لعله موضوع لعله موضوع والحديث أورده السيوطي في " الجامع " من رواية ابن عساكر هذه وبيض له المناوي في شرحيه

## বাংলা

১১৩৭। লোকদের নিকট এমন একটি সময় আসবে যে সময়ে মু'মিন ব্যক্তি তার বকরীর চেয়েও নিকৃষ্ট হবে। হাদিসটি খুবই দুর্বল।

হাদীসটি ইবনু আসাকির (১৫/৩৯০/২) আব্বাদ ইবনু ইয়াকুব রাওয়াজিনী সূত্রে ঈসা ইবনু আব্দিল্লাহ ইবনে মুহাম্মাদ ইবনু উমার ইবনে আলী হতে ... বর্ণনা করেছেন।



আমি (আলবানী) বলছিঃ এ সনদটি খুবই দুর্বল। ঈসা ইবনু আবদিল্লাহ সম্পর্কে আবু নুয়াইম বলেনঃ তিনি তার বাপ-দাদাদের থেকে বহু মুনকার হাদীস বর্ণনা করেছেন, তার হাদীস লিখা যাবে না, তিনি কিছুই না।

ইবনু আদী বলেনঃ তিনি তার বাপ-দাদাদের থেকে অরক্ষিত (অনির্ভরযোগ্য) হাদীস বর্ণনা করেছেন। হাফিয যাহাবী তার দু'টি হাদীস উল্লেখ করে একটি সম্পর্কে বলেছেনঃ সম্ভবত হাদীসটি বানোয়াট।

আলোচ্য হাদীসটিকে ইমাম সুয়ৃতী ইবনু আসাকিরের বর্ণনা থেকে "আল-জামে" গ্রন্থে উল্লেখ করেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন